**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 19-02-2026** **Desk in Charge : SDG**

**Time : 7-50 PM** **Compiling : DSS**

**DEO: KB** **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ বিপুল সংখ্যক ভোটারের নথিপত্র যাচাই এখনো বকেয়া থাকায়, রাজ্যে চূড়ান্ত ভোটার তালিকা ২৮শে ফেব্রুয়ারী প্রকাশিত নাও হতে পারে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। # SIR-এর এনিউমারেশন ফর্মে কোনও ভোটার ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য দিলে, নির্বাচন কমিশন তার বিরুদ্ধেও ব্যবস্থা নেবে।

২/ SIR প্রক্রিয়া দ্রুত সম্পূর্ণ করার দাবি জানিয়েছে বিজেপি।

৩/ ২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষায় বিশেষভাবে সক্ষমদের কোটায় নিযুক্ত "আনটেন্টেড" বা 'অযোগ্য নন', এমন শিক্ষক-শিক্ষিকাদের আপাতত আদালতের নির্দেশ ছাড়া চাকরিচ্যুত করা যাবেনা বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে।

৪/ উচ্চ মাধ্যমিকের চতুর্থ সেমিস্টারে আজ অঙ্ক পরীক্ষায় তিনটি প্রশ্ন সিলেবাসের বাইরে থেকে এসেছে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ স্বীকার করেছে। #শিক্ষক সংগঠনগুলি সিলেবাসের বাইরের প্রশ্ন আসার সমালোচনা করেছে।

৪/ চিরাচরিত ধর্মীয় মর্যাদায় আজ ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের ১৯১ তম জন্মতিথি উদযাপিত হচ্ছে। # পবিত্র রমজান মাস আজ শুরু হয়েছে।

৫/ ইডেন গার্ডেনসে T-20 বিশ্বকাপ ক্রিকেটে আজ ওয়েস্ট ইন্ডিজ ৪২ রানে ইতালিকে হারিয়ে সুপার এইটে পৌঁছল ।

****************************************************************

রাজ্যে SIR প্রক্রিয়ায় চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ আরো পিছতে পারে। ২৮ ফেব্রুয়ারি এই তালিকা প্রকাশের কথা থাকলেও বিপুলসংখ্যক ভোটারের নথিপত্র

যাচাই এখনো বকেয়া রয়েছে। সে কারণে ভোটার তালিকা প্রকাশের দিন পিছিয়ে যেতে পারে বলে মনে করা হচ্ছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, সম্পূর্ণ নির্ভুল ও ত্রুটিমুক্ত ভোটার তালিকা তৈরি করাই নির্বাচন কমিশনের একমাত্র লক্ষ্য। সে কারণে যদি সমস্ত নথিপত্রের নিষ্পত্তি সম্পূর্ণ না হয় তাহলে প্রয়োজনে নির্বাচন কমিশনের কাছে আরো সময় চাওয়া হবে। তিনি আরো জানান, চার লক্ষ ৬৬ হাজারের বেশি ভোটারের তথ্য এখনো জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিকদের কাছে ভেরিফিকেশনের জন্য বকেয়া রয়েছে। নথিপত্র সংক্রান্ত সমস্যার কারণে ইতিমধ্যেই প্রায় ৩০ লক্ষ ভোটারের নথি, পুনরায় মাইক্রো অবজারভার মারফত ফের ERO, AERO-দের কাছে পুনর্যাচাই এর জন্য পাঠানো হয়েছে। ২০ লক্ষ্ ভোটারের নথি নিয়ে এখনো ইআরও, এইআরও রা চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারেননি।

এদিকে নথি সংক্রান্ত সমস্যা নিষ্পত্তির জন্য চূড়ান্ত সময়সীমা আগামী শনিবার শেষ হচ্ছে। কিন্তু এই বিপুলসংখ্যক নথি সম্পর্কে এই সময়ের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া যাবে কিনা তা নিয়ে সংশয় তৈরি হয়েছে। এই ধরনের সমস্ত মামলার নিষ্পত্তি না হলে চূড়ান্ত তালিকা প্রকাশ সম্ভব হবে না বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর স্পষ্ট জানিয়েছে।

***************************

এদিকে, এনিউমারেশন ফর্মে কোনও ভোটার ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য দিলে, নির্বাচন কমিশন তাঁর বিরুদ্ধেও ব্যবস্থা নেবে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

***************************

SIR প্রক্রিয়া দ্রুত সম্পূর্ণ করার দাবি জানিয়েছে বিজেপি। দলের রাজ্য সভাপতি **শমীক** ভট্টাচার্য আজ দুর্গাপুরের মুচিপাড়ায় এক অনুষ্ঠানে বলেন, SIR না হলে এরাজ্যে ভোট করতে দেওয়া হবে না। বিভিন্ন জায়গায় তাঁদের কর্মীদের কাছ থেকে SIR-এর সাত নম্বর ফর্ম কেড়ে নেওয়া হয়েছিল, সেই অভিযোগগুলি নিতে হবে এবং SIR নিয়ে সমস্ত রকম অরাজক অবস্থা তৈরির প্রচেষ্টা বন্ধ করতে হবে। তিনি আজ

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের মুচিপাড়ায় ৬০০ শয্যার প্রস্তাবিত একটি বেসরকারী হাসপাতাল প্রতিষ্ঠার ভূমি পূজা অনুষ্ঠানে যোগ দেন।

পরে কুলটিতে এক সভায় শমীক বাবু বলেন, তৃণমূল কংগ্রেস দুর্নীতির প্রশয়দাতা।

( বাইট- শমীক )

এদিকে, বিজেপি মুখপাত্র **দেবজিৎ সরকার** বলেছেন, নির্বাচন কমিশন যেসব সরকারি কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে, তাঁদের নির্বাচন শেষে পদোন্নতি দেওয়া এবং চাকরিতে পুনর্বহাল করা হবে বলে মুখ্যমন্ত্রী যে ঘোষণা করেছেন, তা' সংবিধান বিরোধী। তিনি জানান, এর জন্য মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে ব্যবস্থা নিতে বিজেপি, নির্বাচন কমিশনের কাছে আর্জি জানাবে।

***************************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেস বিজেপিকে ভয় পাচ্ছে আর সেই কারণেই ঐ দলের নেতা কর্মীদের উপর বিনা প্ররোচনায় আক্রমণ চালানো হচ্ছে। তিনি বলেন, মিনাখাঁ বিধানসভার এক নম্বর মণ্ডল-এর বামনপুকুর বিজেপি কার্যালয়ে একটি সাংগঠনিক বৈঠক চলাকালীন, সেই এলাকার তৃণমূল কংগ্রেসের ব্লক সভাপতি সাইফুদ্দিন মোল্লা ও পঞ্চায়েত সদস্য শরীফ শেখের নেতৃত্বে একদল দুষ্কৃতী বিজেপি কার্যালয়ে হামলা চালায়। সভায় যোগ দিতে আসা বিজেপি কর্মীদের ব্যাপক মারধর ও বাইক ভাঙচুর করা হয়েছে এবং এর মধ্যে দু'জন বিজেপি কর্মী গুরুতর আহত হয়েছেন বলেও শ্রী অধিকারী জানান।

পুলিশের তরফ থেকেও কোনও সহযোগিতা পাওয়া যায়নি বলেও শুভেন্দু বাবুর অভিযোগ।

***************************

কার্শিয়াংয়ের বিজেপি বিধায়ক বিষ্ণুপ্রসাদ শর্মা, তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন। কলকাতায় আজ তৃণমূল ভবনে এক সাংবাদিক বৈঠকে তাঁর হাতে আনুষ্ঠানিকভাবে দলীয় পতাকা তুলে দেন রাজ্যের দুই মন্ত্রী ব্রাত্য বসু এবং শশী পাঁজা।

উল্লেখ্য ২০২১ সালে কার্শিয়াং বিধানসভা কেন্দ্র থেকে বিষ্ণুপ্রসাদ জয়লাভ করেছিলেন।

**************************

কোচবিহারের নাটাবাড়ি বিধানসভার জিরানপুর অঞ্চলে বিজেপির কর্মকর্তা এবং পঞ্চায়েত সদস্য পবিত্র বর্মনের বাড়ীতে হামলা ও ভাংচুরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। বুথ বিজয় অভিযান কর্মসূচির বৈঠক শেষ হওয়ার কিছুক্ষণ পরেই আজ দুপুর ১ টা নাগাদ এই হামলার ঘটনা ঘটে বলে অভিযোগ। নাটাবাড়ি বিজেপি বিধায়ক মিহির গোস্বামী সন্ধ্যায় আক্রান্ত পরিবারের সঙ্গে দেখা করতে যান ।

তৃণমূল কংগ্রেস অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

**************************

বাঁকুড়ার সোনামুখী বিধানসভার হামিরপুর গ্রাম পঞ্চায়েতের নিমাইনগর গ্রাম সংলগ্ন ফুটবল মাঠে একটি সাংস্কৃতিক মঞ্চ তৈরীর শিলান্যাস অনুষ্ঠান সেরে অনুষ্ঠানস্থল থেকে বিধায়ক দিবাকর ঘরামী বের হতেই একদল দুস্কৃতি অনুষ্ঠানস্থলে হাজির হয়ে গ্রামবাসীদের মারধোরের পাশাপাশি নির্বিচারে ভাঙচুর শুরু করে বলে অভিযোগ উঠেছে । ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয় অনুষ্ঠানস্থলে থাকা চেয়ার, টেবিল, মাইক, টোটো, বাইক। এমনকি অনুষ্ঠানে বাজনা বাজাতে আসা বাজনদারদের বাদ্যযন্ত্রও ভেঙে ফেলা হয় বলে অভিযোগ।

**************************

আজকের প্রসঙ্গে এবারের বিষয় বিকশিত ভারতের লক্ষ্যে সুস্থ দেশ গড়ে তুলতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স-এর ভূমিকা। এইমস কল্যাণীর মেডিক্যাল সুপারিনটেনডেন্ট এবং চক্ষু চিকিৎসা বিভাগের প্রধান, প্রফেসর ডঃ মহুয়া চট্টোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন কাশফির নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির শেষ পর্ব শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

**************************

২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষায় বিশেষভাবে সক্ষমদের কোটায় নিযুক্ত "আনটেন্টেড" বা ‘অযোগ্য নন’, এমন শিক্ষক-শিক্ষিকাদের আপাতত

আদালতের নির্দেশ ছাড়া চাকরিচ্যুত করা যাবেনা বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। বিচারপতি অমৃতা সিনহা, বিশেষভাবে সক্ষম কোটায় কর্মরত শিক্ষকদের দায়ের করা এক মামলায় আজ বলেন, ২০১৬ সালের পরীক্ষার ভিত্তিতে SSC, ৯৬ জনকে নিযুক্ত করে। ২০২৫-এ এসে স্কুল সার্ভিস কমিশন কিভাবে ওই কোটায় সংরক্ষিত শূন্যপদের সংখ্যা কমিয়ে ৫৮ করলো, সে ব্যাপারে কমিশন ও রাজ্যকে তিনি নোটিশ জারি করেন। চার সপ্তাহের মধ্যে এ সংক্রান্ত হলফনামা জমা দিতে হবে।

বিচারপতি সিন্‌হা আরো বলেন, সুপ্রিমকোর্ট স্পষ্ট জানিয়েছিল 'অযোগ্য নন', এমন প্রার্থীদের চাকরিতে বহাল রাখতে। সেই কারণে এই মামলার নিস্পত্তি না হওয়া পর্যন্ত তাঁদের চাকরিচ্যুত করা যাবেনা।

উল্লেখ্য, রাজ্যের আবেদনের প্রেক্ষিতে সুপ্রিম কোর্ট ইতিমধ্যেই যোগ্য শিক্ষকদের চাকরির মেয়াদ আগামী ৩১শে অগাস্ট পর্যন্ত বাড়িয়েছে। কিন্তু SSC, বিশেষভাবে সক্ষমদের কোটায় শূন্যপদের সংখ্যা কমিয়ে দেওয়ায়, মাত্র ৫৮ জন নতুন করে পরীক্ষায় বসার সুযোগ পাবেন। বাকিরা তাহলে কোথায় যাবেন, সেই নিয়েই আদালতে মামলা দায়ের করা হয়।

***************************

উচ্চ মাধ্যমিকের চতুর্থ সেমিস্টারে আজ অঙ্ক পরীক্ষায় তিনটি প্রশ্ন সিলেবাসের বাইরে থেকে এসেছে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ স্বীকার করেছে।

সংসদ সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য, ছাত্র-ছাত্রীদের অভিযোগের প্রেক্ষিতে জানিয়েছেন, সিলেবাসের বাইরে থেকে আসা 2B, 11B ও 11C- এই তিনটি প্রশ্নের মোট নম্বর ১০। যেসব পরীক্ষার্থী ওই তিনটি প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করেছেন, তাঁদের পুরো নম্বর দেওয়া হবে। চিরঞ্জীব বাবু আরো জানান, ছাত্রছাত্রীদের স্বার্থকেই সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়ে থাকে। একজন পরীক্ষার্থীও যাতে বঞ্চিত না হন, সেদিকে তাঁরা নজর রাখছেন।

এদিকে শিক্ষক সংগঠনগুলি সিলেবাসের বাইরের প্রশ্ন আসার সমালোচনা করেছে।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেছেন, প্রশ্নপত্র তৈরীতে আর যত্নবান হওয়া দরকার ছিল।

মাধ্যমিক শিক্ষা ও শিক্ষা কর্মী সমিতি- STEA'ও, উচ্চ মাধ্যমিকের অংক পরীক্ষায় সিলেবাস বহির্ভূত প্রশ্ন আসায় ছাত্র-ছাত্রীরা বিড়ম্বনায় পড়েছে বলে অভিযোগ করেছে।

All Post Graduate Teachers' Welfare Association এর সাধারণ সম্পাদক চন্দন গড়াই বলেছেন, প্রশ্ন তৈরির আগে সমস্ত প্রশ্নকর্তাকে ব্লুপ্রিন্ট দিয়ে পুনরায় ভেরিফিকেশন দরকার ছিল।

***************************

আর জি কর হাসপাতালে অভয়ার খুন ও ধর্ষণের ঘটনায় তদন্ত কোন পথে এগোবে, কিভাবে তদন্ত করতে হবে এবং কাদের কাদের জিজ্ঞাসাবাদ করা প্রয়োজন সে ব্যাপারে সিবিআই নিজেই সিদ্ধান্ত নেবে।অভয়ার বাবা-মায়ের দাবি মতো কোন কোন নির্দিষ্ট ব্যাক্তি বা পুলিশ আধিকারিককে হেফাজতে নেওয়া সম্ভব নয়। সিবিআই তদন্তকারী আধিকারিক রা নিজেদের মতই সিদ্ধান্ত নেবেন বলে শিয়ালদহ এসিজেএম আদালতে জানিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

***************************

চিরাচরিত ধর্মীয় মর্যাদায় আজ ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের ১৯১ তম জন্মতিথি উদযাপিত হচ্ছে। বেলুড় মঠে ভোরে মঙ্গল আরতি ও ঊষা কীর্তনের মধ্যে দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। সারাদিন চলে বিশেষ পুজো পাঠ। রামকৃষ্ণ দেবের জীবনাদর্শ ও বাণী, আলোচনা সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিকালে সেখানে ধর্মসভার আয়োজন করা হয়। অনুষ্ঠানের সমাপ্তি হবে মূল মন্দিরে সন্ধ্যারতির মাধ্যমে ।

এদিকে রামকৃষ্ণ দেবের জন্মস্থান কামারপুকুরে আজ শুরু হয়েছে তিনদিনব্যাপী আবির্ভাব উৎসব। রামকৃষ্ণ মঠ ও মিশনের সমস্ত শাখা এবং সারদা মঠ মিশনের কেন্দ্রেও এই উপলক্ষ্যে বিশেষ পুজার্চনার আয়োজন করা হয়।

নদীয়ার কল্যাণী-তে রামকৃষ্ণ মিশনে মঙ্গল আরতি দিয়ে অনুষ্ঠান শুরু হয়, প্রায় পাঁচ হাজার ভক্ত অংশ নেন। আরতি ও নামসংকীর্তনের মাধ্যমে সন্ধ্যায় এর সমাপ্তি হবে।

শ্রী রামকৃষ্ণ-এর ১৯১তম আবির্ভাব তিথির পাশাপাশি, স্বামী বিবেকানন্দ-এর শিকাগো ধর্ম মহাসভা থেকে স্বদেশ প্রত্যাবর্তনের ১২৯তম বর্ষ উদযাপন উপলক্ষেও দিনভর পূজা, ভজন, ধর্মসভা ও অন্নদানের আয়োজন করা হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের জন্মতিথিতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায় তিনি বলেন, শ্রী রামকৃষ্ণ দেব জীবনী শক্তির মধ্য দিয়ে যেভাবে আধ্যাত্মিকতা ও সাধনাকে প্রতিষ্ঠিত করেছিলেন, তা চিরকাল মানব সেবায় কাজে লাগবে।

রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস এই উপলক্ষ্যে শ্রী রামকৃষ্ণের প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেছেন, তাঁর জীবন ও আদর্শ বাংলা তথা গোটা দেশের মানুষকে অনুপ্রেরণা যোগাচ্ছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সামাজিক মাধ্যমে এক পোস্টে বলেছেন, রামকৃষ্ণ দেবের বাণী এবং সর্ব ধর্ম সমন্বয়ের আদর্শ সমাজের আলোকবর্তিকা হয়ে কাজ করছে।

**************************

পবিত্র রমজান মাস আজ শুরু হয়েছে। ইসলাম ধর্মাবলম্বী মানুষরা আজ থেকেই নিরম্বু উপবাসের মধ্যে দিয়ে এক মাস ব্যাপি রোজা পালন শুরু করছেন। রোজার উপবাস শেষ হবে ইদ উল ফিতর পালনের মধ্য দিয়ে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রমজান উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি, পবিত্র এই মাসে সকলের মধ্যে ঐক্যের বন্ধন আরও সুদৃঢ় হবে বলে আশা প্রকাশ করেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও পবিত্র রমজান উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

**************************

ইডেন গার্ডেনসে টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে আজ ওয়েস্ট ইন্ডিজ ৪২ রানে ইতালিকে হারিয়ে দিয়েছে। এই জয়ের সুবাদে তারা সুপার এইটে পৌঁছল ।

প্রথমে ব্যাট করে ওয়েস্ট ইন্ডিজ , ছয় উইকেটে ১৬৫ রান সংগ্রহ করে।অধিনায়ক সাই হোপ ৭৫ রান করেন।

জবাবে ইতালির ইনিংস ১২৩ রানে শেষ হয়ে যায়। শামার জোসেফ চারটি, ম্যাথিউ ফোর্ড তিনটি উইকেট নেন।

ওয়েস্ট ইন্ডিজ সব কটি ম্যাচ জিতে গ্রুপ সি, র শীর্ষে থেকে সুপার এইটে মাঠে নামবে।

*******************************************************************